

নং- ধবিম/হ:শা:৪-২২৩/২০১২-১৩৬


তারিখ: ১৩ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
২৭ জুন ২০২১ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

যেহেতু আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত বেসরকারি ব্যবস্থাপনায় হজ পরিচালনাকারী হিসেবে নওশাদ ট্রাভেলস এন্ড টুরস লিঃ (হ.লা.-১০৯০) ২৪/এ, ডা. নওয়াব আলী টাওয়ার (৬ষ্ঠ তলা), রুম নং-৫০৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০ এর মালিক/মোনাঞ্জেম হিসেবে দায়িত্ব পালন করেছেন; এবং

- ২। যেহেতু হজ কার্যক্রম পরিচালনার বিষয়ে আপনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এ বর্ণিত শর্তাদি পালনে অঙ্গীকারাবদ্ধ ছিলেন; এবং
- ৩। যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে জনাব মুহাম্মদুল্লাহ নিম্নরূপ অভিযোগ দাখিল করেন:
“অনৈতিকভাবে এফ.ডি.আর. উত্তোলন এবং মালিকানা হস্তান্তর সংক্রান্ত প্রতারণা;” এবং
- ৪। যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে উত্থাপিত অভিযোগটি তদন্ত কমিটি তদন্ত করেছে এবং তদন্ত প্রতিবেদনে শাস্তির সুপারিশ করেছে; এবং
- ৫। যেহেতু এ মন্ত্রণালয়ের ০৩.০৩.২০২১ খ্রি. তারিখের ধবিম/হ:শা:/৪-২২৩/২০১২-৯৬ নং স্মারকে নওশাদ ট্রাভেলস এন্ড টুরস লিঃ (হ. লা. নং-১০৯০) এর হজ লাইসেন্স বাতিলসহ জামানত বাজেয়াপ্ত মূলে আপনার মালিকানাধীন এজেন্সির বিরুদ্ধে কেন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব ০৭ (সাত) দিনের মধ্যে জানানোর জন্য কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়; এবং
- ৬। যেহেতু আপনি কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেননি; এবং
- ৭। যেহেতু আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে; এবং
- ৮। যেহেতু আপনার এজেন্সির বিরুদ্ধে জাতীয় হজ ও ওমরাহ নীতি ২০১৯ এর ২৩.১.১ ও ২৩.১.৭ এর শর্তাদি লঙ্ঘনে ২৪.১ এ বর্ণিত শাস্তির কারণসমূহ বিদ্যমান রয়েছে;
- ৯। সেহেতু জাতীয় হজ ও ওমরাহ নীতি-২০১৯ এর ২৪.২ অনুযায়ী এবং তদন্ত কমিটির সুপারিশের আলোকে আপনার পরিচালিত নওশাদ ট্রাভেলস এন্ড টুরস লি. (হজ লাইসেন্স-১০৯০) এর লাইসেন্স বাতিলসহ জামানত বাজেয়াপ্ত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


২৭.০৬.২০২১

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব

ফোন: ৯৫৪৬৫৯০

e-mail:morahajsection@gmail.com

নং- ধবিম/হ:শা:৪-২২৩/২০১২-১৩৬

তারিখ: ২৭.০৬.২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা /প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. পরিচালক, হজ অফিস, বিমানবন্দর, ঢাকা

৪. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব
৫. উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (তৌকে প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
৬. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
৭. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮. সিস্টেমস এনালিস্ট, আইসিটি শাখা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (www.mora.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৯. যুগ্ম-সচিব (হজ) এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (যুগ্ম-সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১০. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সান্তারা সেন্টার, নয়াপল্টন, ঢাকা।
১১. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২ কাওরান বাজার, ঢাকা (www.hajj.gov.bd ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১২. জনাব হায়াতুল্লাহ মজুমদার, স্বত্বাধিকারী/ব্যবস্থাপনা পরিচালক, নওশাদ ট্রাভেলস এন্ড ট্যুরস লি. (হজ লাইসেন্স-১০৯০) এস, আলী ম্যানশন (সাব-রেজিষ্ট্রি অফিসের দ্বিতীয় তলা), পদুয়ার বাজার, বিশ্বরোড, কুমিল্লা
১৩. অফিস কপি

—
২৭.০৬.২০২০

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব